
দৈনিক বাংলা

তারিখ ... 1/3/85 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 3 ...

004



# বিচারপতি নুরুল ইসলামের সংক্ষিপ্ত জীবনী

বিচারপতি এ কে এম নূরুল ইসলাম, পিতা মরহুম মোহাম্মদ আবদুস সোবহান, ১৯২৫ সনের ১লা জানুয়ারী মানিকগঞ্জে জন্মগ্রহণ করেন।

তিনি ১৯৪১ সনে প্রবেশিকা পরীক্ষায় মেধানুসারে তৃতীয় স্থান লাভ করেন এবং ১৯৪৫ সনে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজীতে অনার্সসহ বি এ ডিগ্রী এবং ১৯৪৭ সনে ইংরেজী ভাষা ও সাহিত্যে এম এ এবং ১৯৫০ সনে এল এল বি ডিগ্রী অর্জন করেন।

বিচারপতি ইসলাম ১৯৫১ সনের আগস্ট মাসে ঢাকা হাই কোর্ট এবং ১৯৫৬ সনে সুপ্রীম কোর্টের এডভোকেট হিসাবে তালিকাভুক্ত হন। তিনি ১৯৬৮ সনের অক্টোবর মাসে ঢাকা হাই কোর্টের অতিরিক্ত বিচারক হিসাবে শপথ গ্রহণ করেন এবং ১৯৭০ সনে স্থায়ী বিচারক নিযুক্ত হন।

তিনি ১৯৮০ সনে রোডেশিয়া বর্তমানে জিম্বাবুইতে অনুষ্ঠিত প্রসিদ্ধ নির্বাচন উপলক্ষে জাতিসংঘ পর্যবেক্ষক দলের সদস্য ছিলেন।

তিনি ঢাকা সিটি ল' কলেজের অন্যতম প্রতিষ্ঠাতা এবং একজন প্রধান অধ্যাপক ছিলেন। বাংলা সাহিত্যে তাহার অবদান রহিয়াছে। তিনি ১৯৫২ সনের ভাষা আন্দোলন এবং ১৯৭১ সনের স্বাধীনতা সংগ্রামের সহিত সক্রিয়ভাবে জড়িত ছিলেন।

তিনি বাংলাদেশ রেডক্রস সোসাইটির প্রথম চেয়ারম্যান ছিলেন। ১৯৬৯ সনে ইস্তাম্বুলে অনুষ্ঠিত রেডক্রস আন্তর্জাতিক সম্মেলনে তিনি অংশগ্রহণ করেন। তিনি বাংলাদেশ যক্ষ্মা-প্রতিরোধ সমিতির আজীবন সদস্য এবং এই সমিতির নির্বাহী পরিষদের একজন সক্রিয় সদস্য। তিনি ঢাকাস্থ মানিকগঞ্জ সমিতি এবং ওয়ারী কল্যাণ সমিতির সভাপতি ছিলেন এবং নজরুল একাডেমীর বর্তমান ভাইস চেয়ারম্যান।

তিনি যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র, সুইডেন, সুইজারল্যান্ড, ফ্রান্স, তুরস্ক, সৌদী আরব এবং লেবাননসহ বিশ্বের বহু দেশ সফর করেছেন।

বিচারপতি এ কে এম নূরুল ইসলাম ১৯৮৫ সনের ১৭ই ফেব্রুয়ারী তারিখে আইন ও বিচার মন্ত্রী নিযুক্ত হন। জনাব ইসলাম মন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণের পূর্বে ১৯৭৭ সন থেকে প্রধান নির্বাচন কমিশনার পদে অধিষ্ঠিত ছিলেন।

বিচারপতি ইসলাম বিবাহিত, তাহার দুই কন্যা ও দুই পুত্র রহিয়াছে।